

উইমেন লিডারশিপ অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড পেলেন স্পিকার

সংসদ রিপোর্টার

উইমেন লিডারশিপ অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড পেয়েছেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ও সিপিএ নির্বাহী কমিটির চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী। শনিবার ভারতের মুম্বাইয়ে দ্বিতীয় ওয়ার্ল্ড উইমেন লিডারশিপ কংগ্রেস অ্যান্ড অ্যাওয়ার্ড অনুষ্ঠানে তাকে এ সম্মাননা দেয়া হয়েছে। অনুষ্ঠানে স্পিকার বলেন, সমগ্র বিশ্বে নারী নেতৃত্ব প্রতিষ্ঠায় যে সব চ্যালেঞ্জ বিদ্যমান রয়েছে সেগুলো মোকাবেলা করে আগামী দিনে বিভিন্ন ক্ষেত্রে নারীদের এগিয়ে নিতে নারী সমাজসহ সবাইকে একযোগে কাজ করতে হবে। আগামী দিনে আর্থ-সামাজিক ও রাজনৈতিকসহ সব ক্ষেত্রে নারী নেতৃত্ব প্রতিষ্ঠায় যে সব প্রতিবন্ধকতা রয়েছে তা দূর করে উন্নয়নের মূলধারায় নারীকে সম্পৃক্ত করতে হবে। তিনি বলেন, জেন্ডার সমতা তৈরি করে সমাজের সব ক্ষেত্রে নারী নেতৃত্বকে এগিয়ে নিতে হবে।